**Panskura Banamali College (Autonomous)**

**Bengali NEP Syllabus (w.e.f 2023-24)**

| Sems. | COURSES | | Credits | |
|---|---|---|---|---|
| | Codes | Course Titles | Th. /Pr. | Total |
| Major Course Core (MCC) | | | | |
| Sem.-I | **BNGUMCC101** | BANGLA BYAKARAN O SAMAJBHASHABIJNAN | | 4 |
| | **BNGUMCC102** | CHANDA O ALANKAR | | 4 |
| Sem.-II | **BNGUMCC203** | BANGALIR SANSKRITIK PARICHAY | | 4 |
| | **BNGUMCC204** | PRACHIN O MADHYAYUGER BANGLA SAHITYER ITIHAS | | 4 |
| Sem.-III | **BNGUMCC305** | SAHITYA PRAKARAN | | 4 |
| | **BNGUMCC306** | PRACHIN O ADHUNIK INDO-EUROPIYA BHASHAR PARICHAY | | 4 |
| Sem.-IV | **BNGUMCC407** | CHAITANYA PURBA YUGER BANGLA SAHITYA PATH | | 4 |
| | **BNGUMCC408** | PADAVALI SAHITYA | | 4 |
| | **BNGUMCC409** | BANGLA MANGALKABYA | | 4 |
| Sem.-V | **BNGUMCC510** | MADHYAYUGER BANGLA ANUBAD SAHITYA | | 4 |
| | **BNGUMCC511** | BANGLA KABITAR DHARA | | 4 |
| | **BNGUMCC512** | BANGLA NATAKER DHARA | | 4 |
| Sem.-VI | **BNGUMCC613** | BANGLA KATHASAHITYER DHARA | | 4 |
| | **BNGUMCC614** | ENGREJI SAHITYA O BANGLA SAHITYE TAR PRABHAB | | 4 |
| | **BNGUMCC615** | SANSKRIT SAHITYA O BANGLA SAHITYE TAR PRABHAB | | 4 |
| Sem.-VII | **BNGUMCC716** | BANGLA PRABANDHER DHARA | | 4 |
| | **BNGUMCC717** | BHARATIYA SAHITYA TATTWA | | 4 |
| | **BNGUMCC718** | SHARATSAHITYA | | |
| Sem.-VIII | **BNGUMCC819** | RABINDRASAHITYA | | 4 |
| | **BNGUMCC820** | SADHARAN BHASABIJNAN | | 4 |
| | **BNGUMCC821** | PASCHATYA SAHITYATATTWA O SAHITYA SAMALOCHANA | | 4 |

| Major Course Discipline-Specific (MCD) | | | | |
|---|---|---|---|---|
| Sem.-V | **BNGUMCD501** | BISH SHATAKER BANGLA KABITA | | 4 |
| Sem.-VI | **BNGUMCD602** | BISH SHATAKER BANGLA KATHASAHITYA | | 4 |
| Sem.-VII | **BNGUMCD703** | BISH SHATAKER BANGLA NATAK | | 4 |
| | **BNGUMCD704** | BISH SHATAKER BANGLA GADYA SAHITYA | | 4 |
| Sem.-VIII | **BNGUMCD805** | BANGLA LOKSAHITYA | | 4 |
| | **BNGUMCD806** | PRAKALPAPATRA UPASTHAPAN | | 4 |

| Minor Courses (MIC) (Offered to the Students from other departments) | | | | |
|---|---|---|---|---|
| Sem.-I | **BNGUMIC101** | BANGLA BYAKARAN O SAMAJBHASHABIJNAN | | 4 |
| Sem.-II | **BNGUMIC201** | BANGLA BYAKARAN O SAMAJBHASHABIJNAN | | 4 |
| Sem.-III | **BNGUMIC302** | CHANDA O ALANKAR | | 4 |
| Sem.-IV | **BNGUMIC402** | CHANDA O ALANKAR | | 4 |
| Sem.-V | **BNGUMIC503** | PRACHIN O MADHYAYUGER BANGLA SAHITYER ITIHAS | | 4 |
| Sem.-VI | **BNGUMIC603** | PRACHIN O MADHYAYUGER BANGLA SAHITYER ITIHAS | | 4 |
| Sem.-VII | **BNGUMIC704** | SAHITYA PRAKARAN | | 4 |
| Sem.-VIII | **BNGUMIC804** | SAHITYA PRAKARAN | | 4 |

| Skill Enhancement Course(SEC) | | | | |
|---|---|---|---|---|
| Sem.-I | **BNGUSEC101** | MUDRAN O PRAKASHANA | | 3 |
| Sem.-II | **BNGUSEC202** | BIJNGAPAN O TAR BYABAHARIK DIK | | 3 |
| Sem.-III | **BNGUSEC303** | COMPUTARER PRATHAMIK SHIKSHA | | 3 |

# Major Courses

**BNGUMCC101**

**বাংলা ব্যাকরণ ও সমাজভাষাবিজ্ঞান**

**ক) বাংলা ব্যাকরণ**

১) ধ্বনি পরিবর্তনের কারণ ও সূত্রাবলি

২) শব্দ ও পদের গঠন, কারক ও বিভক্তি, বাংলা ক্রিয়াপদের গঠন, বাংলা ক্রিয়ার কাল

৩) শব্দার্থতত্ত্ব

৪) শব্দভাণ্ডার

৫) বাংলা উপভাষা

**খ) সমাজভাষাবিজ্ঞান**

ভাষা পরিকল্পনা; রেজিস্টার; ডাইগ্লসিয়া; পেশা-বয়স-লিঙ্গ-ধর্ম ইত্যাদি নির্ভর ভাষা; পিজিন ও ক্রেয়ল; ভাষাঋণ; মিশ্রভাষা; বহুভাষিকতা; ভাষা সরণ; ভাষার মৃত্যু ।

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

ভাষার ইতিবৃত্ত – সুকুমার সেন

বাংলা ভাষাতত্ত্বের ভূমিকা – সুনীতিকুমার চট্টোপাধ্যায়

বাংলা ভাষা পরিক্রমা – পরেশচন্দ্র মজুমদার

সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা – রামেশ্বর শ

সমাজ ও ভাষা - মৃণাল নাথ

**BNGUMCC102**

**ছন্দ ও অলঙ্কার**

এই অংশে বাংলা ছন্দ ও অলঙ্কার বিষয়ে পড়ানো হবে। সাহিত্যের ভাষা সাধারণের ব্যবহার্য ভাষার থেকে আলাদা। এই পৃথকীকরণের প্রক্রিয়ায় সাহিত্য, সাহিত্য হয়ে ওঠে। ছন্দ ও অলঙ্কার এই পৃথকীকরণের ব্যাপারে অনেকাংশ সাহায্য করে। বাংলা কবিতার বিবর্তনের ইতিহাস একভাবে বাংলা ছন্দের বিবর্তনের ইতিহাস। ছাত্রছাত্রীরা সেই ইতিহাস জানবে। বাংলা ছন্দের রীতিগুলির বৈশিষ্ট্য বিষয়েও তাদের অবগত করানো হবে। আর অলঙ্কারের প্রয়োগে সাহিত্য কীভাবে বলার অধিক বিষয়ের ইঙ্গিত দেয় – অলঙ্কারের প্রকারভেদ ও প্রয়োগ দেখিয়ে তা স্পষ্ট করা হবে।

**ক) বাংলা কবিতার ছন্দ :**

**ছন্দের পরিভাষা :** যতি, পঙক্তি, পদ, পর্ব, উপপর্ব ও দল

**বাংলা ছন্দের রীতি :** মিশ্রকলাবৃত্ত, কলাবৃত্ত ও দলবৃত্ত;

**পয়ারের রূপবৈচিত্র্য :** পয়ার ও মহাপয়ার, প্রবহমান পয়ার, মুক্তক

**গদ্যছন্দ**

**খ) বাংলা অলঙ্কার** : অনুপ্রাস, শ্লেষ, যমক, উপমা, রূপক, উৎপ্রেক্ষা, ব্যজস্তুতি, বিরোধাভাস, বিষম, অপহ্নুতি, অতিশয়োক্তি।

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

নূতন ছন্দ পরিক্রমা – প্রবোধচন্দ্র সেন
বাংলা ছন্দের মূল সূত্র – অমূল্যধন মুখোপাধ্যায়
ছন্দের বারান্দা – শঙ্খ ঘোষ
ছন্দ তত্ত্ব ও ছন্দ বিবর্তন – তারাপদ মুখোপাধ্যায়
ছন্দ মীমাংসা ও অলঙ্কার সমীক্ষা – পরেশচন্দ্র ভট্টাচার্য
অলঙ্কার –জীবেন্দ্র সিংহ রায়
অলঙ্কার চন্দ্রিকা – শ্যামাপদ চক্রবর্তী
অলঙ্কার পরিচয়- সুনীলকুমার রায়

**BNGUMCC203**

**বাঙালির সাংস্কৃতিক পরিচয়**

বাঙালির সাংস্কৃতিক ঐতিহ্যের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হবে এই পত্রে। বাংলা ভাষা ও বাঙালির সংস্কৃতির ইতিহাস প্রায় হাজার বছরের পুরানো। আর বাঙালির সংস্কৃতি ভারতীয় সংস্কৃতির একটি অংশ। বাঙালির সাংস্কৃতিক ঐতিহ্য বিষয়ে বাংলা ভাষায় লেখা দুটি মূল্যবান গ্রন্থের কিছু নির্বাচিত অধ্যায় এখানে পড়ানো হবে। একটি গোপাল হালদারের 'সংস্কৃতির রূপান্তর'। এই শ্রদ্ধেয় লেখক সমাজতান্ত্রিক দৃষ্টিকোণ থেকে ভারতীয় সংস্কৃতির বৈশিষ্ট্যগুলি বুঝতে চেয়েছেন। অন্যটি শ্রদ্ধেয় নীহাররঞ্জন রায়ের 'বাঙ্গালীর ইতিহাস'। ইতিহাস যে শুধু রাজাদের জয়-পরাজয়ের বৃত্তান্ত নয়, সাধারণ মানুষের জীবনযাপনের অর্থনীতিক ভিত্তি, তাদের খাদ্যাভাস, বস্ত্র ও বাসস্থানের রীতি ও পছন্দ, তাদের শিল্প ও সংস্কৃতি চর্চার নানা উদ্যম – নীহাররঞ্জন সেকথা স্পষ্ট ও পরিস্কার করে বুঝিয়ে দিয়েছেন।

**১) সংস্কৃতির রূপান্তর - গোপাল হালদার**

- চতুর্থ অধ্যায় : ভারতীয় সংস্কৃতির ধারা : আদিরূপ
- পঞ্চম অধ্যায় : ভারতীয় সংস্কৃতির ধারা : প্রাচীন ও মধ্যরূপ

**২) বাঙ্গালীর ইতিহাস (আদিপর্ব) : নীহাররঞ্জন রায়**

- প্রথম অধ্যায় : ইতিহাসের যুক্তি
- ত্রয়োদশ অধ্যায় : ভাষাসাহিত্য সেন-বর্মন পর্ব

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

গৌরবঙ্গ সংস্কৃতি - হরেকৃষ্ণ মুখোপাধ্যায়
বাঙ্গালার ইতিহাস – রাখালদাস বন্দ্যোপাধ্যায়
বাঙালির নৃতাত্ত্বিক পরিচয় – অতুল সুর
পালযুগের চিত্রকলা – সরসীকুমার সরস্বতী
বাঙালি ও বাংলা সাহিত্য – আহমদ শরীফ
বঙ্গভাষা ও সাহিত্য (দু খণ্ড) – দীনেশচন্দ্র সেন
হাজার বছরের বাঙালি সংস্কৃতি – গোলাম মুরসিদ

**BNGUMCC204**

## প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস

আমরা আগে বাঙালির সাংস্কৃতিক ইতিহাস সম্পর্কে ছাত্রছাত্রীদের অবহিত করেছি। এই পত্রে বাংলার প্রাচীন ও মধ্যযুগের সাহিত্যের ইতিহাসের সঙ্গে তাদের পরিচয় ঘটবে। প্রায় হাজার বছরের পুরনো বাংলা সাহিত্যের নিদর্শন পাওয়া গেছে বৌদ্ধ সহজিয়া ধর্মাবলম্বীদের রচিত চর্যাপদগুলিতে। তারপর কাহিনি-কবিতা, গান, জীবনীকাব্য, অনুবাদকাব্য – এরকম নানা ধারায় পুরনো বাংলা সাহিত্যের নিদর্শন ছড়িয়ে আছে। বিশিষ্ট কিছু কবিদের পরিচয়, বিশিষ্ট কিছু কাব্যধারার বিশেষত্ব নিয়ে এই পত্রে সাধারণ কিছু আলোচনা থাকবে। চৈতন্যের আগে আর পরে – দুটো ভাগে ভাগ করে বাংলা সাহিত্যের বিবর্তনের দিকগুলি চেনানো হবে। আনুমানিক খ্রিস্টিয় হাজার শতকের কাছাকাছি সময় থেকে খ্রিস্টিয় আঠারো শতকের ভেতর রচিত বাংলা সাহিত্যের রূপরেখাটি এখানে স্পষ্ট করা হবে।

- **বৈষ্ণব পদাবলি** (বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস)
- **মঙ্গলকাব্যের ধারা** (মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্মমঙ্গল, অন্নদামঙ্গল, শিবায়ন)
- **অনুবাদ সাহিত্য** : রামায়ণ, মহাভারত, ভাগবত
- **চৈতন্যজীবনী সাহিত্য**
- **আরাকান রাজসভার সাহিত্য** : আলাওল, দৌলত কাজী
- **শাক্ত পদাবলি**

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (প্রথম ও দ্বিতীয় খণ্ড) – সুকুমার সেন
বাংলা সাহিত্যের ইতিবৃত্ত – অসিতকুমার বন্দ্যোপাধ্যায়
বাংলা সাহিত্যের রূপরেখা (প্রথম খণ্ড) – গোপাল হালদার
বাংলা সাহিত্যের ইতিকথা (প্রথম ও দ্বিতীয় খণ্ড) – ভূদেব চৌধুরী
বাংলা সাহিত্যের সমগ্র ইতিহাস – ক্ষেত্র গুপ্ত
বৈষ্ণব পদাবলি – সত্য গিরি
মধ্যযুগের কবি ও কাব্য – শঙ্করীপ্রসাদ বসু
বিদ্যাপতি ও চণ্ডীদাস - শঙ্করীপ্রসাদ বসু
বৈষ্ণব রস প্রকাশ – ক্ষুদিরাম দাস
শ্রীরাধার ক্রমবিকাশ : দর্শনে ও সাহিত্যে – শশিভূষণ দাশগুপ্ত

**BNGUMCC305**

## সাহিত্য প্রকরণ

সাহিত্যের সংরূপগুলি সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা সাহিত্যের ছাত্র-ছাত্রীদের একান্তই জরুরি। সেজন্য পাঠক্রমের ইএ অংশে কবিতা, কথাসাহিত্য ও নাটকের বিভিন্ন সংরূপগুলির পরিচয় প্রদান করা হবে। এরই সঙ্গে থাকবে পাশ্চাত্য সাহিত্য সমালোচনার উল্লেখযোগ্য ধারাগুলির ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্বগুলির পরিচয় প্রদান।

সিলেবাসের এই অংশের পাঠের ফলে শিক্ষার্থীদের মধ্যে সাহিত্যবিশ্লেষণের ক্ষমতা গড়ে উঠবে বলে আশা করা যায়।

**ক) সাহিত্যের রূপভেদ :**

কবিতা : মহাকাব্য, গীতিকাব্য, সনেট, এলিজি, ওড, পত্রকাব্য ।

কথাসাহিত্য : আঞ্চলিক উপন্যাস, ঐতিহাসিক উপন্যাস, চেতনাপ্রবাহমূলক উপন্যাস, ছোটগল্প ।

নাটক : ট্র্যাজেডি, কমেডি, প্রহসন ।

প্রবন্ধ : ব্যক্তিগত প্রবন্ধ , বস্তুনিষ্ঠ প্রবন্ধ

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**


- সাহিত্যবিবেক – বিমলকুমার মুখোপাধ্যায়
- সাহিত্যের রূপভেদ – উজ্জ্বলকুমার মজুমদার
- সাহিত্য প্রকরণ – হীরেন চট্টোপাধ্যায়
- সাহিত্যের রূপ-রীতি ও অন্যান্য প্রসঙ্গ – কুন্তল চট্টোপাধ্যায়
- বাংলা সাহিত্যের নানাদিক – শুদ্ধসত্ত্ব বসু
- বাংলা কাব্যে রূপ ও রীতি – ক্ষুদিরাম দাস
- সাহিত্যের রূপ শিল্প – অপূর্ব রায়
- A Glossary of Literary terms – A. H. Abrams
- A History of Literary Criticism and Theory - M.A. R. Habib
- Literary Criticism – William k. Wimsatt and Cleanth Brooks


**BNGUMCC306**

**প্রাচীন ও আধুনিক ইন্দো-ইউরোপীয় ভাষার পরিচয়**

ভাষাতত্ত্বের ইতিহাসে ইউরোপে আঠের শতক থেকে ঐতিহাসিক ও তুলনামূলক ভাষাচর্চা শুরু হয়েছিল। ইউরোপের বিভিন্ন দেশের ভাষা, ইরানের ভাষা ও ভারতের অনেকগুলো ভাষার ভেতর ভাষাবিজ্ঞানীরা ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব ও বাক্যতত্ত্বে নানা সাদৃশ্য খুঁজে পেলেন। এই সাদৃশ্যের ভিত্তিতে তাঁরা বললেন, ইউরোপ থেকে ভারত ভূখণ্ডে এখন প্রচলিত অনেক ভাষাই একটি প্রাচীন ভাষা থেকে উদ্ভূত। তাঁরা এই প্রাচীন ভাষাটির নাম দিলেন ইন্দো-ইউরোপীয় ভাষা। এই ভাষাটি পরে নানা শাখায় বিবর্তিত হয়ে নানা ভাষাগোষ্ঠীর জন্ম দিয়েছে।

এই পত্রে এই প্রাচীন ভাষাটির আনুমানিক স্বরূপ, পরবর্তী সময়ে নানা ধারায় তার শাখাগুলির বিবর্তনের সঙ্গে পরিচয় ঘটবে। এই ভাষার একটি ধারা আনুমানিক সাড়ে তিন হাজার বছর আগে ভারতে আসে। ভারতের প্রাচীনতম সাহিত্য ঋগ্‌বেদ সেই ভাষায় রচিত। ঋগ্‌বেদের ভাষা থেকে পরে উত্তর ভারতের অধিকাংশ ভাষা সৃষ্টি হয়েছে। আলোচ্য পত্রে ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে উদ্ভূত বর্তমান ভাষাগুলোর সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হবে। বিশেষ করে বাংলা ও তার ভগিনীসম ভাষাগুলোর উদ্ভবের ইতিহাস জানানো হবে।

১) **ইন্দো- ইউরোপীয় ভাষাগোষ্ঠী** (ইন্দো- ইউরোপীয় ভাষার পুনর্গঠন; কেন্তুম ও সতম শাখা; ইরানীয় ভাষার বৈশিষ্ট্যসমূহ; বৈদিক ও ধ্রুপদী সংস্কৃতের বৈশিষ্ট্য)
**২) মধ্য ভারতীয় আর্য ভাষাসমূহ** (কাল ও স্তর বিভাগ; সাধারণ লক্ষণসমূহ; আদি প্রাকৃতের বৈশিষ্ট্য; পালি ভাষার বৈশিষ্ট্যসমূহ; মাহারাষ্ট্রী, মাগধী, অর্ধমাগধী, শৌরসেনী ও পৈশাচী প্রাকৃতের বৈশিষ্ট্য; অপভ্রংশ-অবহট্ঠ)
**৩) নব্য ভারতীয় আর্য ভাষার বর্গীকরণ, মাগধী প্রাকৃত-উদ্ভূত ভাষাসমূহের সংক্ষিপ্ত পরিচয়।**

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

ভাষার ইতিবৃত্ত – সুকুমার সেন
বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা – সুনীতিকুমার চট্টোপাধ্যায়
সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা – রামেশ্বর শ
বাংলা ভাষা জিজ্ঞাসা – পার্বতীচরণ ভট্টাচার্য
সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ - পরেশচন্দ্র মজুমদার
বাংলা ভাষা পরিক্রমা – পরেশচন্দ্র মজুমদার
ঐতিহাসিক ও তুলনামূলক ব্যাকরণ –হুমায়ুন আজাদ
মধ্য ভারতীয় আর্য ভাষার ভাষা ও সাহিত্য – অতীন্দ্র মজুমদার
ভাষার ইতিহাস – মুরারীমোহন সেন
Middle Indo- Aryan Grammar – S.C. Chaterjee and S. Sen

**BNGUMCC407**

**চৈতন্য পুর্বযুগের বাংলা সাহিত্য পাঠ**

**ক) চর্যাপদাবলী** (নির্বাচিত কবিতা)

কাআ তরুবর – লুইপাদ
উঁচা উঁচা পাবত – শবরপাদ
ভবণই গহণ – চাটিল্লপাদ
কাহেরে ঘেণি _ ভুসুকুপাদ
নগর বাহিরে – কাহ্নপাদ
টালত মোর ঘর – ঢেণ্ঢনপাদ

**খ) শ্রীকৃষ্ণকীর্তনকাব্য** (বংশী খণ্ড ও রাধাবিরহ)

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**
হাজার বছরের পুরাণ বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা – হরপ্রসাদ শাস্ত্রী
চর্যাগীতির ভূমিকা – জাহ্নবীকুমার চক্রবর্তী
চর্যাগীতি পরিক্রমা – নির্মল দাশ
চর্যাপদ – সৌমেন্দ্রনাথ সরকার

চর্যাপদ – বীতশোক ভট্টাচার্য
শ্রীকৃষ্ণকীর্তন – বসন্তরঞ্জন রায়বিদ্বদ্বল্লভ (সম্পাদিত)
শ্রীকৃষ্ণকীর্তন – তারাপদ মুখোপাধ্যায়
শ্রীকৃষ্ণকীর্তন – অমিত্রসূদন ভট্টাচার্য (সম্পাদিত)
বিতর্কিত শ্রীকৃষ্ণকীর্তন – সত্যব্রত দে
শ্রীকৃষ্ণকীর্তন চর্চা – নরেশচন্দ্র জানা

**BNGUMCC408**

**পদাবলী সাহিত্য**

বৈষ্ণব পদাবলি বাংলা সাহিত্যের এক অমূল্য সম্পদ। পদাবলির বিভিন্ন পর্যায়গুলির পরিচয় নেওয়া তাই বাংলাসাহিত্যের ছাত্র-ছাত্রীদের কাছে অত্যন্ত জরুরি। বিদ্যাপতির, চণ্ডীদাস, জ্ঞানদাস ও গোবিন্দদাস এই পদাবলির প্রতিনিধিস্থানীয় কবি। এদের নির্বাচিত কয়েকটি পদের পরিচয়ের মাধ্যমে সমগ্র বৈষ্ণব পদাবলির ধারার পরিচয় দেওয়ার চেষ্টা করা হবে এই অংশে।

বৈষ্ণবপদাবলির সূত্রেই এসে যায় যে শাক্তপদাবলির ধারা, তারও পরিচয় দেওয়ার জন্য শাক্তপদাবলিতে কবি রামপ্রসাদসেন ও কবি কমলাকান্ত ভট্টাচার্যের অনুপম সুন্দর পদগুলির মাধুর্য উপলব্ধি করার সুযোগ পাবে সিলেবাসের এই অংশ থেকে। তাছাড়া সমকালীন সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় ও সাংস্কৃতিক অবস্থার বিষয়ে অবগত হয়ে তারা নিজেদেরকে সমৃদ্ধ করে তুলতে পারবে।

**ক) বৈষ্ণব পদাবলি** : পাঠ্যপদ
বিদ্যাপতি - চির চন্দন উরে; পিয়া যব আওব; মাধব বহুত মিনতি করি তোয়
চণ্ডীদাস - এ ঘোর রজনী মেঘের ঘটা; এমন পিরীতি কভু নাহি দেখি শুনি
জ্ঞানদাস – আলো মুঞি জানো না; চাহ মুখ তুলি রাই
গোবিন্দদাস – মন্দির বাহির কঠিন কপাট; কুল-মরিযাদ কপাট উদ্ঘাটলুঁ
রাধামোহন – আজু হাম পেখলুঁ নবদ্বীপচন্দ্র
বলরামদাস – শ্রীদাম সুদাম দাম শুন ওরে বলরাম

**খ) শাক্ত পদাবলি** ( শ্রীঅমরেন্দ্রনাথ রায় সম্পাদিত, কলিকাতা বিশ্ববিদ্যালয়, গ্রন্থের "বাল্যলীলা", "আগমনী' ও "বিজয়া" এবং ভক্তের আকূতি অংশের রামপ্রসাদ সেন ও কমলাকান্ত ভট্টাচার্যের নির্বাচিত পদগুলি ।)

**আগমনী পর্যায়ের :**

- গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না
- আমি কি হেরিলাম নিশি-স্বপনে
- ওহে গিরিরাজ, গৌরী অভিমান করেছে
- যাও গিরিবর হে, আন মেয়ে নন্দিনী ভবনে আমার
- শরত কমল মুখে, আধ আধ বাণী মায়ের

**বিজয়া পর্যায়ের :**

- ওরে নবমী-নিশি, না হইও রে অবসান
- ওহে প্রাণনাথ গিরিবর হে, ভয়ে তনু কাঁপিছে আমার

**ভক্তের আকুতি পর্যায়ের :**

- কেবল আমার আশা ভবে আসা, আসা মাত্র হলো
- শুকনা তরু মুঞ্জরে না, ভয় লাগে মা, ভাঙে পাছে
- মা আমায় ঘুরাবি কতো
- আমায় দেও মা তবিলদারী

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

চৈতন্যচরিতামৃত – সুকুমার সেন (সম্পাদিত)
চৈতন্যচরিতামৃত– অবন্তীকুমার সান্যাল (সম্পাদিত)
চৈতন্যচরিতামৃত – কাননবিহারী গোস্বামী (সম্পাদিত)
শ্রীচৈতন্যচরিতামৃতের ভূমিকা – রাধাগোবিন্দ নাথ
বৈষ্ণব পদাবলি – সত্য গিরি
মধ্যযুগের কবি ও কাব্য – শঙ্করীপ্রসাদ বসু
বিদ্যাপতি ও চণ্ডীদাস - শঙ্করীপ্রসাদ বসু
বৈষ্ণব রস প্রকাশ – ক্ষুদিরাম দাস
শ্রীরাধার ক্রমবিকাশ : দর্শনে ও সাহিত্যে – শশিভূষণ দাশগুপ্ত
বাংলা সাহিত্যে কৃষ্ণকথার ক্রমবিকাশ – সত্যবতী গিরি
বৈষ্ণব পদাবলি পরিচয় – নীলরতন সেন
ভারতের শক্তিসাধনা - শশিভূষণ দাশগুপ্ত
শাক্ত পদাবলি – ধ্রুবকুমার মুখোপাধ্যায় (সম্পাদিত)

**BNGUMCC409**

**বাংলা মঙ্গলকাব্য**

**ক) কবিকঙ্কণচণ্ডী (আখেটিক খণ্ড) : মুকুন্দ চক্রবর্তী** (শ্রী শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় সম্পাদিত)

**খ) অন্নদামঙ্গল : ভারতচন্দ্র** (ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস সম্পাদিত)

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (প্রথম ও দ্বিতীয় খণ্ড) – সুকুমার সেন
বাংলা সাহিত্যের ইতিবৃত্ত – অসিতকুমার বন্দ্যোপাধ্যায়
বাংলা সাহিত্যের রূপরেখা (প্রথম খণ্ড) – গোপাল হালদার
বাংলা সাহিত্যের ইতিকথা (প্রথম ও দ্বিতীয় খণ্ড) – ভূদেব চৌধুরী
বাংলা সাহিত্যের সমগ্র ইতিহাস – ক্ষেত্র গুপ্ত

**BNGUMCC510**

**মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্য**

**ক) রামায়ণ (উত্তরকাণ্ড) – কৃত্তিবাস ওঝা** (ভারবি সংস্করণ)
**খ) পদ্মাবতী – আলাওল** (দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত)

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (প্রথম ও দ্বিতীয় খণ্ড) – সুকুমার সেন
বাংলা সাহিত্যের ইতিবৃত্ত – অসিতকুমার বন্দ্যোপাধ্যায়
বাংলা সাহিত্যের রূপরেখা (প্রথম খণ্ড) – গোপাল হালদার
বাংলা সাহিত্যের ইতিকথা (প্রথম ও দ্বিতীয় খণ্ড) – ভূদেব চৌধুরী
বাংলা সাহিত্যের সমগ্র ইতিহাস – ক্ষেত্র গুপ্ত

**BNGUMCC511**

**বাংলা কবিতার ধারা**

সিলেবাসের এই অংশে বাংলা কবিতার পরিচয় নেওয়া, বিভিন্ন সময়কে কেন্দ্র করে কীভাবে বাংলা কবিতার বাঁকবদল ঘটছে তার যথার্থ পরিচয় তারা সিলেবাসের এই অংশ থেকে পাবে। মধুসূদন দত্ত থেকে সুভাষ মুখোপাধ্যায় পর্যন্ত এক দীর্ঘ সময়কালের কবিদের পরিচয় ঘটবে এই অংশ থেকে। একই সঙ্গে মধুসূদন দত্তের বীরাঙ্গনাকাব্য ও নির্বাচিত কিছু আধুনিক কবিতা পাঠ্য হিসেবেও এই অংশে তারা পড়বে।

বাংলা কবিতার স্বরূপ উপলব্ধি করতে পারবে তারা সিলেবাসের এই অংশ থেকে। এরফলে তাদের মধ্যে কবিতার প্রতি ভালোবাসার বোধ গড়ে উঠবে, এবং নিজেরা কবিতা লেখার প্রেরণা অনুভব করতে পারবে।

**ক) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাস**

ঈশ্বরচন্দ্র গুপ্ত, রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, নবীনচন্দ্র সেন, বিহারীলাল, মধুসূদন দত্ত, রবীন্দ্রনাথ, মোহিতলাল মজুমদার, নজরুল ইসলাম, সত্যেন্দ্রনাথ দত্ত, যতীন্দ্রনাথ সেনগুপ্ত, জীবনানন্দ দাশ, সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, সমর সেন, সুভাষ মুখোপাধ্যায় ।

**খ) মধুসূদন দত্ত : বীরাঙ্গনাকাব্য** (দুষ্মন্তের প্রতি শকুন্তলা, সোমের প্রতি তারা, দশরথের প্রতি কেকয়ী, দ্বারকানাথের প্রতি রুক্মিনী, নীলধ্বজের প্রতি জনা) ।

**গ) কবিতা পাঠ**

- যতীন্দ্রনাথ সেনগুপ্ত : দুঃখবাদী
- জীবনানন্দ দাশ : আট বছর আগের একদিন
- সুধীন্দ্রনাথ দত্ত : শাশ্বতী
- অমিয় চক্রবর্তী : বড়বাবুর কাছে নিবেদন

- সুভাষ মুখোপাধ্যায় : বধূ
- বিষ্ণু দে : ঘোড়সওয়ার

**<u>প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ</u>**

বাঙ্গালা সাহিত্যের ইতিহাস– সুকুমার সেন
বাংলা সাহিত্যের ইতিবৃত্ত – অসিতকুমার বন্দ্যোপাধ্যায়
বাংলা সাহিত্যের রূপরেখা – গোপাল হালদার
বাংলা সাহিত্যের ইতিকথা – ভূদেব চৌধুরী
বাংলা সাহিত্যের সমগ্র ইতিহাস – ক্ষেত্র গুপ্ত
আধুনিক বাংলা কাব্য – তারাপদ মুখোপাধ্যায়
মধুসূদনের কবি আত্মা ও কাব্যশিল্প – ক্ষেত্র গুপ্ত
কবি শ্রীমধুসূদন – মোহিতলাল মজুমদার
রবীন্দ্রনাথ ও কাব্যপরিক্রমা – অজিতকুমার ঘোষ
রবীন্দ্রানুসারী কবিসমাজ – অরুণ মুখোপাধ্যায়
আধুনিক বাংলা কাব্যপরিচয় – দীপ্তি ত্রিপাঠী
আধুনিক কবিতার দিকবলয় – অশ্রুকুমার সিকদার

**BNGUMCC512**

**বাংলা নাটকের ধারা**

বাংলা নাটকের ঐতিহ্যের পেছনে ইংরেজদের অবদান অনস্বীকার্য। উনিশ শতকীয় কোন পরিবেশে নাটকের উদ্ভব ও কীভাবে ধীরে ধীরে তার বিকাশ সেসম্পর্কে একটি স্পষ্ট ধারণা শিক্ষার্থীদের মধ্যে গড়ে উঠবে সিলেবাসের এই অংশে। নাটকের সঙ্গে সঙ্গে নাট্যমঞ্চেরও এক গৌরবময় অতীত রয়েছে। সেই অতীত বর্তমানে কোন ধারায় প্রবাহিত হয়ে চলেছে সে সম্পর্কিত জ্ঞানও শিক্ষার্থীরা লাভ করবে। একই সঙ্গে রয়েছে নির্বাচিত কয়েকটি নাটকের পাঠ, যা তাদের নাট্যসাহিত্যের ইতিহাসের জ্ঞানকে সমৃদ্ধ করবে।

নাটক এক অভিনয়নির্ভর শিল্পরূপ। অভিনয়ের ইতিহাস ও রীতিনীতি সম্পর্কেও জ্ঞান থাকা আবশ্যক। ভবিষ্যতে শিক্ষার্থীরা যদি নাটকরচনা বা অভিনয়কে পেশা হিসেবে গ্রহণ করতে চায় তাহলে সিলেবাসের এই অংশ তাদের সহায়ক হবে।

**ক) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস** : নাট্যকার : রামনারায়ণ তর্করত্ন, মধুসূদন দত্ত, দীনবন্ধু মিত্র, গিরিশচন্দ্র ঘোষ, দ্বিজেন্দ্রলাল রায়, ক্ষিরোদপ্রসাদ, অমৃতলাল বসু, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

**বঙ্গ রঙ্গ-মঞ্চের ইতিহাস :** বিদেশী রঙ্গালয়, লেবেডফ ও বেঙ্গলী থিয়েটার, দেশীয় শৌখিন রঙ্গালয়, ন্যাশনাল থিয়েটার, স্টার থিয়েটার, ক্লাসিক থিয়েটার।

**খ) সধবার একাদশী : দীনবন্ধু মিত্র**

**গ) সাজাহান : দ্বিজেন্দ্রলাল রায়**

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

বাংলা নাটকের ইতিহাস – অজিতকুমার ঘোষ

নাটক ও নাট্যকার – অজিতকুমার ঘোষ

বাংলা নাট্য সাহিত্যের ইতিহাস – আশুতোষ ভট্টাচার্য

বাংলা থিয়েটারের ইতিহাস – দর্শন চৌধুরী

নাট্যকার মধুসূদন – ক্ষেত্র গুপ্ত

গিরিশমানস – উৎপল দত্ত

দ্বিজেন্দ্রলাল কবি ও নাট্যকার – রথীন্দ্রনাথ রায়

দ্বিজেন্দ্রলাল – সুবোধ সেনগুপ্ত

রবীন্দ্র-নাট্য-পরিক্রমা – উপেন্দ্রনাথ ভট্টাচার্য

**BNGUMCC613**

**বাংলা কথাসাহিত্যের ধারা**

ভারতীয় সাহিত্যে বিশিষ্ট স্থান অধিকার করে আছে বাংলা কথাসাহিত্য। এই অধিকারের কৃতিত্ব যেসব কথাসাহিত্যিকদের সেইসব প্রাতঃস্মরণীয় কথাকারদের সম্পর্কে শিক্ষার্থীরা সিলেবাসের এই অংশে পড়াশোনা করবে। সময়ের পরিবর্তনের সাথে কীভাবে কথাসাহিত্যের পরিবর্তন ঘটছে এবং বিভিন্ন কথাসাহিত্যিকদের শৈলিগত বিশেষত্ব কী সেসম্পর্কেও তারা আবশ্যকীয় জ্ঞানলাভ করবে। নির্বাচিত উপন্যাস ও ছোটোগল্পগুলি পাঠ করে এক অ-লৌকিক আনন্দের জগত তাদের সামনে খুলে যাবে।

বর্তমান বাংলাসাহিত্যের অন্তন্ত ফলবান শাখা কথাসাহিত্য। বাংলা কথাসাহিত্যের সঙ্গে শিক্ষার্থীরা নিজেদেরকে সংযুক্ত করতে পারবে সিলেবাসের এই অংশ থেকে। ভবিষ্যতে তাদের যদি এই শাখাটিতে চর্চার ইচ্ছে তৈরি হয় তাহলে এই পাঠ তাদের সহায়ক হয়ে উঠবে।

**ক) বাংলা কথাসাহিত্যের ইতিহাস :** প্যারীচাঁদ মিত্র, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, প্রভাতচন্দ্র মুখোপাধ্যায়, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়, সতীনাথ ভাদুড়ী , শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, বনফুল, আশাপূর্ণা দেবী, সমরেশ বসু ।

**খ) কপালকুণ্ডলা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়**

**গ) ছোটগল্প**

- ভণ্ডুলমামার বাড়ী : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
- তারিণীমাঝি : তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
- টোপ : নারায়ণ গঙ্গোপাধ্যায়
- নিমগাছ : বনফুল
- সুন্দরম্ : সুবোধ ঘোষ

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

বাংলা উপন্যাসের ধারা – শ্রীকুমার বন্দ্যোপাধায়ায়
বংলা উপন্যাসের কালান্তর – সরোজ বন্দ্যোপাধ্যায়
পঞ্চাশের দশকের কথাকার – উজ্জ্বলকুমার মুখোপাধ্যায়
কালের পুত্তলিকা – অরুণ মুখোপাধ্যায়
কালের পুতুল – অরুণ মুখোপাধ্যায়
উপন্যাসে বঙ্কিম ও রবীন্দ্রনাথ – জয়ন্ত বন্দ্যোপাধ্যায়
শরৎসাহিত্যে সমাজ – জয়ন্ত বন্দ্যোপাধ্যায়
কথাসাহিত্যে জগদীশ গুপ্ত – সমরেশ মজুমদার
রবীন্দ্র উপন্যাসের নির্মাণশৈলি – গোপিকানাথ রায়চৌধুরী
দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালীন কথাসাহিত্য - গোপিকানাথ রায়চৌধুরী
রবীন্দ্র-ছোটগল্পের শিল্পরূপ – তপোব্রত ঘোষ

**BNGUMCC614**

**ইংরেজি সাহিত্যের  পরিচয় ও বাংলা সাহিত্যে তার প্রভাব**

শেক্সপীয়র, ওয়ার্ডসওয়ার্থ, শেলি, কীটস, ডিকেন্স, স্কট, টি এস এলিয়ট, ডব্লু বি ইয়েটস, চার্লস লাম

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

The Critical History of English Literature – David Daiches.
A History of English Literature – Edward Albert
The Short Oxford History of English Literature – A. Sanders
ইংরেজি সাহিত্যের রূপরেখা –সত্যচরণ চট্টোপাধ্যায়
ইংরেজি সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় – অচ্যুত গোস্বামী
ইংরেজি ভাষা ও সাহিত্যের ইতিহাস –অরুণ ভট্টাচার্য
ইংরেজি সাহিত্যের ইতিহাস – বিশ্বনাথ চট্টোপাধ্যায়
ইংরেজি সাহিত্যের ইতিহাস – শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়
ইংরেজি সাহিত্যের রূপরেখা – গোপাল হালদার
ইংরেজি ভাষা ও সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত – কেশবচন্দ্র দত্ত

**BNGUMCC615**

**সংস্কৃত সাহিত্যের পরিচয় ও বাংলা সাহিত্যে তার প্রভাব**

সংস্কৃত ভাষার সঙ্গে বাংলা ভাষার নাড়ীর যোগ। বাংলা সাহিত্যও সংস্কৃত সাহিত্যের কাছে অনেক পরিমাণে ঋণী। বাংলা সাহিত্যের ছাত্রছাত্রীদের পক্ষে তাই সংস্কৃত সাহিত্যের ইতিহাসের সঙ্গে প্রাথমিক পরিচয় থাকা জরুরি। এই বিবেচনায় এইপত্রে সংস্কৃত সাহিত্যের বিশিষ্ট কিছু রচয়িতার অবদান সম্পর্কে আলোকপাত করা হবে। কাব্য ও নাট্য সাহিত্যে কালিদাস, ভাস, ভবভূতি, ভারবি, বাণভট্ট ও জয়দেবের কৃতিত্ব বিষয়ে একটি সম্যক ধারণা দেবার চেষ্টা থাকবে।

মধ্যযুগের বাংলা সাহিত্যের কবিরা এই সংস্কৃতসাহিত্যের কাছে কী প্রেরণা পেয়েছিলেন এবং বাংলা আধুনিক নাটক ও কবিতার ধারায় মধুসূদন, রবীন্দ্রনাথ, সুধীন্দ্রনাথ দত্ত এবং বিষ্ণু দে মতো লেখকেরা এই সাহিত্যকে কিভাবে আত্মীকরণ করেছিলেন আর তাতে কী নতুন অর্থ খুঁজে পেয়েছিলেন এই পত্রে সেই বিষয়ে আলোচনা করা হবে।

**১) সংস্কৃত সাহিত্য পরিচয়** (কালিদাস, ভাস, ভবভূতি, ভারবি, বাণভট্ট, জয়দেব)

**২) বাংলার সাহিত্যে সংস্কৃত প্রেরণা**

ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে সংস্কৃত সাহিত্যের ঋণ

খ) আধুনিক বাংলা সাহিত্যে সংস্কৃত সাহিত্যের প্রভাব (নাটক ও কবিতায় - মধুসূদন দত্ত, কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর, সুধীন্দ্রনাথ দত্ত ও বিষ্ণু দে)

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

History of Sanskrit Literature – Sushil Kr. De
সংস্কৃত সাহিত্য পরিক্রমা – করুণাসিন্ধু দাস
সংস্কৃত সাহিত্যের ইতিহাস – ধীরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
সংস্কৃত সাহিত্যের দশরত্ন – সুখেন্দুসুন্দর গঙ্গোপাধ্যায়
সংস্কৃত সাহিত্যের রূপরেখা – বিমানচন্দ্র ভট্টাচার্য
সংস্কৃত সাহিত্যের রূপরেখা – বিমানবিহারী ভট্টাচার্য
সংস্কৃত সাহিত্যের রূপরেখা – নৃসিংহ প্রসাদ ভাদুড়ী
সংস্কৃত সাহিত্যের ইতিহাস – সুকুমারী ভট্টাচার্য
ভারতীয় আর্য-সাহিত্যের ইতিহাস – সুকুমার সেন

**BNGUMCC716**

**বাংলা প্রবন্ধের ধারা**

বাংলা প্রবন্ধসাহিত্যের ধারায় শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের গদ্যচর্চার পাশাপাশি রামমোহন রায়, বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত, প্যারীচাঁদ মিত্র, রবীন্দ্রনাথ ঠাকুর, প্রমথ চৌধুরী, বুদ্ধদেব বসু, মুজতবা আলি, অন্নদাশঙ্কর রায় প্রমুখের লেখনীর বিষয়টি গুরুত্বের সাথে আলোচিত হবে সিলেবাসের এই অংশে। ফলে বাংলা প্রবন্ধসাহিত্যের সুমহান ঐতিহ্যের সঙ্গে পরিচিত হতে পারবে শিক্ষার্থীরা।

**ক) বাংলা প্রবন্ধসাহিত্যের ইতিহাস**

শ্রীরামপুর মিশনারি কলেজের গদ্যচর্চা, ফোর্ট উইলিয়াম কলেজের গদ্যচর্চা, রাজা রামমোহন রায়, বিদ্যাসাগর, ভূদেব মুখোপাধ্যায়, অক্ষয়কুমার দত্ত, রবীন্দ্রনাথ, প্রমথ চৌধুরী, বুদ্ধদেব বসু, মুজতবা আলি ও অন্নদাশঙ্কর রায়

**খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় : কমলাকান্ত (**বিড়াল, মনুষ্যফল, আমার দুর্গোৎসব, কে গায় ওই, কমলাকান্তের জোবানবন্দী**)**

**গ) রবীন্দ্রনাথ ঠাকুর : প্রাচীন সাহিত্য** (রামায়ণ, মেঘদূত, শকুন্তলা, কাদম্বরীচিত্র, কাব্যের উপেক্ষিতা)

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

গদ্য সাহিত্যের ইতিহাস – সুকুমার সেন

আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যর ধারা – অধীর দে
বাংলা সাহিত্যে গদ্য – গোলাম মুরশিদ
একালের প্রবন্ধ ও সমালোচনা-সাহিত্য – ধ্রুবকুমার মুখোপাধ্যায় (সম্পাদিত)
বাংলা গদ্যসাহিত্যের ইতিহাস – সজনীকান্ত দাস
বাংলা সাহিত্যের একদিক – শশিভূষণ দাশগুপ্ত
বাংলা গদ্যের ইতিবৃত্ত – হীরেন্দ্রনাথ দত্ত
বীরবল ও বাংলা সাহিত্য –অরুণ মুখোপাধ্যায়
বাংলা সাহিত্যে বিদ্যাসাগর – অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

**BNGUMCC717**

**ভারতীয় সাহিত্যতত্ত্ব**

সাহিত্য কী, সাহিত্য কেন, সাহিত্য কিভাবে সাহিত্য হয়ে ওঠে এসব প্রসঙ্গে আলোচনার বিষয়টি সাহিত্যতত্ত্বের ক্ষেত্র। বিশ্বসাহিত্যে গ্রিক ও সংস্কৃত ভাষায় প্রাচীন সাহিত্যতত্ত্বের সমৃদ্ধ ধারা ছিল। আলোচ্য পত্রে প্রাচীন ভারতীয় সাহিত্যতত্ত্বের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হবে। এই ধারায় অলঙ্কারবাদ, রীতিবাদ, বক্রোক্তিবাদ, ঔচিত্যবাদ, ধ্বনি ও রসবাদের মতো ভিন্ন ভিন্ন মতগুলির সংক্ষিপ্ত আলোচনা থাকবে।

- ক) বিশিষ্ট সাহিত্যতাত্ত্বিকগণ : দণ্ডী, ভামহ, বামন, আনন্দবর্ধন, অভিনবগুপ্ত, কুন্তক, বিশ্বনাথ কবিরাজ
- খ) প্রাচ্য সাহিত্যতত্ত্ব - অলঙ্কার, রীতি, বক্রোক্তি, ঔচিত্য, ধ্বনি ও রস

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

সাহিত্যদর্পণ – বিমলাকান্ত মুখোপাধ্যায়
ধ্বন্যালোক – সুবোধচন্দ্র সেনগুপ্ত ও কালিপদ ভট্টাচার্য
কাব্যজিজ্ঞাসা – অতুলচন্দ্র গুপ্ত
ভারতীয় কাব্যতত্ত্ব – অবন্তীকুমার সান্যাল
রসসমীক্ষা – রমারঞ্জন মুখোপাধ্যায়
কাব্যালোক – সুধীরকুমার দাশগুপ্ত
কাব্যবিচার – সুরেন্দ্রনাথ দাসগুপ্ত
কাব্যজিজ্ঞাসার রূপরেখা – করুণাসিন্ধু দাস
কাব্যতত্ত্ব বিচার –দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়
সাহিত্যবিবেক – বিমলকুমার মুখোপাধ্যায়

**BNGUMCC718**

**শরৎসাহিত্য**

বাংলাসাহিত্যের অন্যতম জনপ্রিয় ও শ্রেষ্ঠ কথাকার শরৎচন্দ্র। বাংলার জনজীবনের ছবি এতো দরদ দিয়ে তাঁর সাহিত্যে ফুটে উঠেছে যে পাঠক তাতে নিজেদেরকে খুঁজে পান। 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) উপন্যাসে শরৎচন্দ্রের বহুদর্শী জীবন-অভিজ্ঞতার পরিচয় পেয়ে শিক্ষার্থীরা

মুগ্ধ ও সমৃদ্ধ হবে। নির্বাচিত ছোটোগল্পগুলির পাঠ শিক্ষার্থীদের বাংলা ছোটোগল্পের ধারাকে বুঝতে সহায়তা করবে। নির্বাচিত প্রবন্ধটি শরৎসাহিত্যে নারীর গুরুত্বের বিষয়টি অনুধাবনে সহায়তা করবে।

**উপন্যাস : শ্রীকান্ত (প্রথম পর্ব)**

**ছোটগল্প :** মহেশ, অভাগীর স্বর্গ, রামের সুমতি, মেজদিদি, অনুপমার প্রেম

**প্রবন্ধ :** নারীর মূল্য

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

১. ছন্নছাড়া মহাপ্রাণ – বিষ্ণু প্রভাকর
২. বাংলাসাহিত্যে উপন্যাসের ধারা – শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়
৩. বাঙ্গালা সাহিত্যের ইতিহাস – সুকুমার সেন

**BNGUMCC719**

**রবীন্দ্রসাহিত্য**

বাংলা সাহিত্যের একটা গুরুত্বপূর্ণ অধ্যায় রবীন্দ্রসাহিত্য। সিলেবাসের রবীন্দ্রসাহিত্য পর্বের অন্তর্গত 'চোখের বালি' উপন্যাসের প্রেম মনস্তত্ত্বকে শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করা হবে। অন্য দিকে রবীন্দ্রনাথের কিছু নির্বাচিত কবিতা ও গল্প ছাড়াও 'ডাকঘর' নাটকটি পাঠ পর্যালোচনার ভিতর দিয়ে আলোচিত হবে। এককথায় রবীন্দ্রনাথের প্রতিনিধিস্থানীয় সংরূপগুলির বিশেষ পরিচয় নেওয়া আলোচ্য পত্রের বিচার্য বিষয়।

**ক) ছেলেবেলা**

**ক) চোখের বালি**

**খ) গল্পগুচ্ছ** (পোস্টমাস্টার, অতিথি, মধ্যবর্তিনী, একরাত্রি, মাস্টারমশাই, রবিবার)

**গ) সঞ্চয়িতা** (বধূ, সোনার তরী, দুই বিঘা জমি, ক্যামেলিয়া, ইস্টিশান, সেকাল)

**ঘ) ডাকঘর**

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

রবীন্দ্র নাট্যপ্রবাহ – প্রমথনাথ বিশী
রবীন্দ্রনাথের রূপক ও সাংকেতিক নাটক – শান্তিরঞ্জন দাশগুপ্ত
রবীন্দ্র নাট্য সমীক্ষা- রূপক-সাংকেতিক – দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়
রবীন্দ্র উপন্যাসের নির্মাণশিল্প – গোপিকানাথ রায়চৌধুরী
রবীন্দ্রনাথ ও কাব্যপরিক্রমা – অজিতকুমার চক্রবর্তী
রবীন্দ্র-নির্মাণ :  কবিতার অবয়ব– জীবেন্দ্র সিংহ রায়
রবীন্দ্র কাব্য প্রবাহ – প্রমথনাথ বিশী

**BNGUMCC820**

**সাধারণ ভাষা বিজ্ঞান**

ঐতিহাসিক ও তুলনামূলক ভাষাতত্ত্ব সম্পর্কে আগের পাঠ্যসূচিতে পাঠ দান করা হয়েছিল। এখন বর্ণনামূলক ব্যাকরণ সম্পর্কে জানানো হবে। এই ধরনের ব্যাকরণ অনেক পুরানো এবং এ বিষয়ে ছাত্রছাত্রীরা মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে কিছু ধারণা পেয়েছে। কিন্তু বিশ শতকে ফার্দিনান্দ দ্য স্যসুর আর নোয়াম চমস্কির হাত ধরে বর্ণনামূলক ব্যাকরণের আলোচনা সম্পূর্ণ নতুন পথ এগিয়েছে । এই নতুন ধারার বিষয়ে স্পষ্ট ধারণালাভের উদ্দেশ্যে পাঠক্রমে ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, অন্বয়তত্ত্ব ও সমাজভাষাবিজ্ঞান অন্তর্ভুক্ত করা হয়েছে। এগুলি পড়লে ছাত্রছাত্রীরা আধুনিক ভাষাবিজ্ঞানের মূল বিষয়গুলি অবহিত হতে পারবে।

**১) ধ্বনিতত্ত্ব** (ফোন, ফোনিম, অ্যালোফোন, অবিভাজ্য ধ্বনি, ধ্বনির স্ব-লক্ষণ, স্বরধ্বনি, ব্যঞ্জনধ্বনি ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা )
**২) রূপতত্ত্ব** (মর্ফ, মর্ফিম, অ্যালোমর্ফ, বাংলা ভাষার রূপ বৈচিত্র্যের আলোচনা)
**৩) অন্বয়তত্ত্ব** (বাক্য, বাক্যখণ্ড, বাংলা বাক্যের গঠন-বৈশিষ্ট্য, রূপান্তরমূলক সঞ্জননী তত্ত্ব অনুসারে বাংলা বাক্যের গঠন )

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

ভাষার ইতিবৃত্ত – সুকুমার সেন
বাংলা ভাষাতত্ত্বের ভূমিকা – সুনীতিকুমার চট্টোপাধ্যায়
বাংলা ভাষা পরিক্রমা – পরেশচন্দ্র মজুমদার
সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা – রামেশ্বর শ
বাংলা ভাষা জিজ্ঞাসা – পার্বতীচরণ ভট্টাচার্য
সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ - পরেশচন্দ্র মজুমদার
ঐতিহাসিক ও তুলনামূলক ব্যাকরণ –হুমায়ুন আজাদ
মধ্য ভারতীয় আর্য ভাষার ভাষা ও সাহিত্য – অতীন্দ্র মজুমদার
ভাষার ইতিহাস – মুরারীমোহন সেন
Middle Indo- Aryan Grammar – S.C. Chaterjee and S. Sen

**BNGUMCC821**

**পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা**

**খ) সাহিত্য সমালোচনা :** ঐতিহাসিক সমালোচনা তত্ত্ব, নব্য সমালোচনা পদ্ধতি, মার্কসবাদী সমালোচনা তত্ত্ব , নারীবাদী সাহিত্য সমালোচনা।

**গ) সাহিত্য তত্ত্ব :** ক্লাসিসিজম, রোমান্টিসিজম, রিয়েলিজম, সুররিয়েলিজম , সিম্বলিজম, এক্সিস্টেনশিয়ালিজম

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

সাহিত্যবিবেক – বিমলকুমার মুখোপাধ্যায়
সাহিত্যের রূপভেদ – উজ্জ্বলকুমার মজুমদার

সাহিত্য প্রকরণ – হীরেন চট্টোপাধ্যায়
সাহিত্যের রূপ-রীতি ও অন্যান্য প্রসঙ্গ – কুন্তল চট্টোপাধ্যায়
বাংলা সাহিত্যের নানাদিক – শুদ্ধসত্ত্ব বসু
বাংলা কাব্যে রূপ ও রীতি – ক্ষুদিরাম দাস
সাহিত্যের রূপ শিল্প – অপূর্ব রায়
A Glossary of Literary terms – A. H. Abrams
A History of Literary Criticism and Theory - M.A. R. Habib
Literary Criticism – William k. Wimsatt and Cleanth Brooks

## Major : Discipline Specific Courses

**BNGUMCD501**

### বিশ শতকের বাংলা কবিতা

পাঠক্রমের এই অংশে বিশ শতকের বাংলা কবিতার বিষয়ে পড়ানো হবে। রবীন্দ্রনাথের পরে বাংলা কবিতা কী পথে বিবর্তিত হয়েছে, ইউরোপীয় মর্ডানিটির ধারণাকে কীভাবে আত্মস্থ করে নিয়ে বাংলা কবিতার নতুন ধারা নির্মাণ করেছে এই বিভাগে সেটি গুরুত্ব পাবে। পাঠ্যসূচীর প্রথম অংশে আধুনিক বাংলা কবিতার ইতিহাস সম্পর্কে অবহিত করা হবে। এই সময়কালের বিশিষ্ট কয়েকজন কবির কবিকৃতিত্বের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হবে। দ্বিতীয় অংশে আছে মোহিতলাল মজুমদারের ‘স্মরগরল’ কাব্যের নির্বাচিত কিছু কবিতা। মোহিতলাল একভাবে রবীন্দ্রনাথ ও আধুনিক কবিদের মধ্যে যোগসূত্রস্বরূপ। তাঁর কবিতায় ক্লাসিক ও রোমান্টিকতার মেলবন্ধন এবং কাব্য-কায়া নির্মাণে বলিষ্ঠতা দান সমকালে কবিকে স্বাতন্ত্র্য দিয়েছে। আধুনিক কবিদের ভেতর জীবনানন্দ দাশ অন্যতম উল্লেখযোগ্য কবি। জীবনানন্দের ‘বনলতা সেন’ কাব্যের নির্বাচিত কয়েকটি কবিতা অবলম্বনে আধুনিক কবি হিসেবে তাঁর কবিতার বৈশিষ্ট্যগুলি চিনিয়ে দেওয়া হবে। আধুনিক কবিরা জীবনানন্দ, সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, বিষ্ণু দে – রবীন্দ্রোত্তর হতে চেয়ে পাশ্চাত্যের অনুসরণে বাংলা কাব্য জগতে যে বিষয়গত ও প্রকরণগত পরিবর্তন ঘটালেন এখানে তারও পরিচয় থাকবে। প্রত্যেক কবিই সমকাল ও সামাজিক পরিবেশকে ধারণ করেই সময়ানুবর্তী হয়ে ওঠেন। সেই বিবর্তিত রূপরেখার পরিচয় পাঠই এই অংশের প্রধান উদ্দেশ্য।

**ক) কবিতার ইতিহাস** : নীরেন্দ্রনাথ চক্রবর্তী, শঙ্খ ঘোষ, অলোকরঞ্জন দাশগুপ্ত, শক্তি চট্টোপাধ্যায়, সুনীল গঙ্গোপাধ্যায়, জয় গোস্বামী, শামসুর রহমান, আল মাহমুদ।

**খ) বনলতা সেন : জীবনানন্দ দাশ** (বনলতা সেন, হাওয়ার রাত, শঙ্খমালা, নগ্ন নির্জন হাত, শিকার, অন্ধকার, সুচেতনা)

**গ) কবিতাপাঠ** :

- কলঘরে চিলের কান্না - নীরেন্দ্রনাথ চক্রবর্তী
- শঙ্খ ঘোষ - জাবাল সত্যকাম
- কবিতা এমন - আল মাহমুদ
- কখনো আমার মাকে - শামসুর রাহমান
- অনন্ত কুয়ার জলে চাঁদ পড়ে আছে _ শক্তি চট্টোপাধ্যায়

- কেউ কথা রাখেনি _ সুনীল গঙ্গোপাধ্যায়
- টিউটোরিয়াল - জয় গোস্বামী
- অধিবাস - বীতশোক ভট্টাচার্য

**প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ**

আধুনিক বাংলা কাব্য – তারাপদ মুখোপাধ্যায়
আধুনিক বাংলা কাব্যপরিচয় – দীপ্তি ত্রিপাঠী
আধুনিক কবিতার দিকবলয় – অশ্রুকুমার সিকদার
বাংলা আধুনিক কবিতার রূপরেখা – অশোককুমার মিশ্র
কবিতার দীপ ও দীপ্তি – জহর সেনমজুমদার

**BNGUMCD602**

**বিশ শতকের বাংলা কথাসাহিত্য**

উপন্যাস হল জীবনের অভিজ্ঞতালব্ধ কাহিনি, চরিত্র, মনস্তাত্ত্বিক ঘাত-প্রতিঘাতের সঙ্গে লেখকের কল্পনা, আদর্শের ভিত্তিতে তৈরি আখ্যানধর্মী সাহিত্য। নবজাগরণের প্রভাবে যখন থেকে ব্যক্তির অধিকার, ব্যক্তি স্বাধীনতা, নারী স্বাধীনতা, ব্যক্তির মর্যাদা প্রতিষ্ঠিত হল, তখন থেকে মানুষের জীবন, মন, সমাজ, সংসার, রাষ্ট্র -ব্যবস্থা এবং তার পরিবর্তনের গতিপ্রকৃতি উপন্যাসে উঠে এল। আর ছোটগল্প হল আধুনিক গতিশীল জীবনের খন্ডচিত্রের উপর ব্যঞ্জনাধর্মী আবেদন। উপন্যাস এবং গল্প পাঠের মধ্য দিয়ে সামাজিক, মানসিক সমস্যা ও গতিপ্রকৃতির সম্পর্কে সম্যক ধারণা করা যায়। কথাসাহিত্য এভাবে সমাজের প্রতিনিধিত্ব করে।

এই পত্রে মূলত বাংলা উপন্যাস ও গল্পে স্বাধীনতা পরবর্তীকালের কথাসাহিত্যিকদের নিয়ে আসা হয়েছে। অমিয়ভূষণ মজুমদার স্বাধীনতা পুর্ব ও পরবর্তী সময়ে পদ্মাপারের মানুষজন সহ সমাজের সমস্ত শ্রেণির মানুষদের কথা সহানুভূতির সঙ্গে তাঁর সাহিত্যে তুলে ধরেছেন। রাঢ় বাংলার মানুষের জীবনযাত্রা ফুটিয়ে তুলেছেন সংস্কৃত, আরবি, ফারসি, উর্দু ভাষায় দক্ষ মরমী সাহিত্যিক সৈয়দ মুস্তাফা সিরাজ। বাংলার গ্রাম এবং মফস্বল অঞ্চল -- ডুয়ার্স থেকে সাঁওতাল পরগনা যার উপন্যাসে উঠে এসেছে তিনি শ্যামল গঙ্গোপাধ্যায়। এই পত্রে আছে ওপার বাংলার সাহিত্যিকরাও। হাসান আজিজুল হক-- যার লেখায় আছে মন্বন্তর, দেশভাগ, সাম্প্রদায়িক বিভাজনের কাহিনি এবং অনুভূতি। আছেন খ্যাতিমান লেখক আখতারুজ্জামান ইলিয়াসের ঐতিহাসিক, রাজনৈতিক, সমাজবাস্তবতার জ্ঞানের উপর নির্মিত কথাসাহিত্য। মহাশ্বেতা দেবীর লেখা চূয়াড় যুবক কবি বন্দ্যঘাটীকে নিয়ে লেখা একটি মননশীল উপন্যাস ছাত্রছাত্রীরা পড়ার সুযোগ পেয়েছে। এখানে বাংলার আধুনিক কালের গল্পকারদের অন্যতম নরেন্দ্রনাথ মিত্র, সমরেশ বসু, নারায়ণ গঙ্গোপাধ্যায় এবং সেলিনা হোসেন, মতি নন্দী এবং আখিতারুজ্জামান ইলিয়াসের গল্প পাঠ করে জীবন ও সমাজকে অনেক বৃহৎ প্রেক্ষাপটে দেখার অভিজ্ঞতা ছাত্রছাত্রীরা পেয়ে থাকে।

**ক) কথাসাহিত্যের ইতিহাস :** অমিয়ভূষণ মজুমদার, অসীম রায়, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, সৈয়দ মুস্তাফা সিরাজ, শ্যামল গঙ্গোপাধ্যায়, দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, হাসান আজিজুল হক, আখতারুজ্জামান ইলিয়াস, বাণী বসু ।

**খ) কবি বন্দ্যঘাটী গাঞ্রির জীবন ও মৃত্যু :** মহাশ্বেতা দেবী

**গ) ছোটগল্প**

- অবতরণিকা : নরেন্দ্রনাথ মিত্র

- পসারিণী : সমরেশ বসু
- বরফ সাহেবের মেয়ে : বিমল কর
- বেহুলার ভেলা : মতি নন্দী
- পায়ের নিচে জল : আখতারুজ্জামান ইলিয়াস
- পরজন্ম : সেলিনা হোসেন

**<u>প্রাসঙ্গিক গ্রন্থ/ প্রবন্ধ</u>**

বংলা উপন্যাসের কালান্তর – সরোজ বন্দ্যোপাধ্যায়
পঞ্চাশের দশকের কথাকার – উজ্জ্বলকুমার মজুমদার
কালের পুত্তলিকা – অরুণ মুখোপাধ্যায়
কালের পুতুল - অরুণ মুখোপাধ্যায়
বাংলাসাহিত্যের ছোটগল্প ও গল্পকার - ভূদেব চৌধুরী
বাংলা ছোটগল্প : প্রসঙ্গ ও প্রকরণ (দুই খণ্ড) - বীরেন্দ্র দত্ত

**BNGUMCD703**
**বিশ শতকের বাংলা নাটক**

বিশ শতকের নাট্যচর্চার ধারার পরিচয় দেওয়ার জন্য সিলেবাসের এই অংশে নির্বাচিত সাতজন নাট্যকার সন্নিবেশিত। বলাবাহুল্য বিশ শতকের নাট্য-মানসিকতার যথার্থ সূচনা রবীন্দ্রনাথ থেকেই। তাই রবীন্দ্রনাথ থেকে মোহিত চট্টোপাধ্যায় পর্যন্ত নাটকের ধারার পরিচয় দেওয়া হবে। পূর্ণাঙ্গ নাটক হিসেবে পড়ানো হবে মনোজ মিত্রের ‘সাজানো বাগান’ এবং নির্বাচিত পাঁচটি একাঙ্ক নাটক। সিলেবাসের এই অংশের ফলে ছাত্র-ছাত্রীরা বাংলা নাটক সম্পর্কে একটি স্পষ্ট ধারণালাভ করবে বলে আশা করা যায়।

**ক) নাটকের ইতিহাস :** রবীন্দ্রনাথ, মন্মথ রায়, বিজন ভট্টাচার্য, শম্ভু মিত্র, উৎপল দত্ত, বাদল সরকার, মোহিত চট্টোপাধ্যায়।

**খ) সাজানো বাগান :** মনোজ মিত্র

**গ) একাঙ্ক নাটক :**

- রাজপুরী : মন্মথ রায়
- দেবী : তুলসী লাহিড়ী
- ঘুম নেই : উৎপল দত্ত
- তেলে-জলে : কিরণ মৈত্র
- সরীসৃপ : বিধায়ক ভট্টাচার্য

**BNGUMCD704**
**বিশ শতকের বাংলা গদ্যসাহিত্য**
**১) প্রমথ চৌধুরী : প্রবন্ধসংগ্রহ** (জয়দেব, ভারতচন্দ্র, বর্তমান বঙ্গসাহিত্য, সাধু ভাষা বনাম চলিত ভাষা, বইপড়া, বীরবল)
**২) বুদ্ধদেব বসু** : সাহিত্যচর্চা (রামায়ণ, রবীন্দ্রনাথ ও উত্তরসাধক, রবীন্দ্র-জীবনী ও রবীন্দ্র-সমালোচনা, শিল্পীর স্বাধীনতা)

**৩) নির্বাচিত প্রবন্ধ**

১) জাতীয় সংস্কৃতির গোড়ার কথা – অমূল্যচরণ বিদ্যাভূষণ
২) সুখ না দুঃখ – রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
৩) বিজ্ঞানে সাহিত্যে – জগদীশচন্দ্র বসু
৪) স্ত্রীজাতির অবনতি – বেগম রোকেয়া সাখাওয়াত
৫) সাহিত্যের আড্ডা – হীরেন্দ্রনাথ দত্ত

**BNGUMCD805**

**বাংলা লোকসাহিত্য**

আলোচ্য বিষয়গুলির ভিতর দিয়ে ছাত্রছাত্রীরা লোকসাহিত্যের সংজ্ঞা ও স্বরূপের সমান্তরালে লোকসংস্কৃতির সংজ্ঞা ও স্বরূপ বিষয়ে যেমন অবগত হবে তেমনই লোকগল্প লোকপ্রবাদ লোকধাঁধা লোকছড়া লোকবিশ্বাস ও লোকসংস্কার বিষয়ে ধারণা লাভ করবে। বাংলার লোকসাহিত্য ও লোকসংস্কৃতির তত্ত্বরূপ ও স্বরূপসন্ধানের মধ্য দিয়ে বিষয়টি এভাবেই নিয়মিত চর্চিত হবে যার ভিতর দিয়ে আলোচনার নতুন দিগন্তের সন্ধান মিলবে।

**ক) লোকসাহিত্যের সংজ্ঞা ও স্বরূপ** , লোকসাহিত্যের শ্রেণিবিভাগ, লোকভাষা, লোকছড়া, ধাঁধা, প্রবাদ, গীতিকা, লোকনাটক, লোককথা ও লোকসঙ্গীত সম্পর্কে বিস্তৃত আলোচনা ।

**খ) রবীন্দ্রনাথ ঠাকুর : লোকসাহিত্য** ( ছেলেভুলানো ছড়া, গ্রাম্য সাহিত্য )

**গ) অবনীন্দ্রনাথ ঠাকুর :** বাংলার ব্রত

**BNGUMCD806**

**প্রকল্প পত্র উপস্থাপন**

সাহিত্যে গবেষণার জন্য ক্ষেত্রসমীক্ষার গুরুত্ব অপরিসীম। এই ক্ষেত্রসমীক্ষা সম্পর্কে তাদের হাতেকলমে একটা জ্ঞানদানের উদ্দেশ্যে সিলেবাসের এই অংশ। কোনো ক্ষেত্রতে শিক্ষার্থীদের নিয়ে গিয়ে সেখানকার মানুষের সঙ্গে যোগাযোগ স্থাপনের পদ্ধতি, ক্ষেত্রটির বিবিধ তথ্য তুলে আনার পদ্ধতি সম্পর্কে তাদের অবহিত করে তোলা হবে। সেইসঙ্গে প্রাপ্ত তথ্য কীভাবে বিশ্লেষণ করে সেগুলিকে উপস্থাপন করতে হয় সেবিষয়টিও তারা শিখে ফেলবে সিলেবাসের এই অংশ থেকে।

## Minor Courses

**BNGUMIC101/ BNGUMIC201**

**বাংলা ব্যাকরণ ও সমাজভাষাবিজ্ঞান**

**ক) বাংলা ব্যাকরণ**

**১) ধ্বনি পরিবর্তনের কারণ ও সূত্রাবলি**

**২) শব্দ ও পদের গঠন, কারক ও বিভক্তি, বাংলা ক্রিয়াপদের গঠন, বাংলা ক্রিয়ার কাল**

**৩) শব্দার্থতত্ত্ব**

**৪) শব্দভাণ্ডার**

**৫) বাংলা উপভাষা**

**খ) সমাজভাষাবিজ্ঞান**

ভাষা পরিকল্পনা; রেজিস্টার; ডাইগ্লসিয়া; পেশা-বয়স-লিঙ্গ-ধর্ম ইত্যাদি নির্ভর ভাষা; পিজিন ও ক্রেয়ল; ভাষাঋণ; মিশ্রভাষা; বহুভাষিকতা; ভাষানুসরণ; ভাষার মৃত্যু

**BNGUMIC302/ BNGUMIC402**

**ছন্দ ও অলঙ্কার**

**ক) বাংলা কবিতার ছন্দ :**

ছন্দের পরিভাষা : যতি, পঙক্তি, পদ, পর্ব, উপপর্ব ও দল

বাংলা ছন্দের রীতি : মিশ্রকলাবৃত্ত, কলাবৃত্ত ও দলবৃত্ত;

পয়ারের রূপবৈচিত্র্য : পয়ার ও মহাপয়ার, প্রবহমান পয়ার, মুক্তক

গদ্যছন্দ

**খ) বাংলা অলঙ্কার :** অনুপ্রাস, শ্লেষ, যমক, উপমা, রূপক, উৎপ্রেক্ষা, ব্যজস্তুতি, বিরোধাভাস, বিষম, সমাসোক্তি, অপহ্নুতি, অতিশয়োক্তি ।

**BNGUMIC503/ BNGUMIC603**

**প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস**

- বৈষ্ণব পদাবলি ( বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস )
- মঙ্গলকাব্যের ধারা ( মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্মমঙ্গল, অন্নদামঙ্গল, শিবায়ন)
- অনুবাদ সাহিত্য : রামায়ণ, মহাভারত, ভাগবত
- চৈতন্যজীবনী সাহিত্য
- আরাকান রাজসভার সাহিত্য : আলাওল, দৌলত কাজী
- শাক্ত পদাবলি

**BNGUMIC704/ BNGUMIC804**

**সাহিত্য প্রকরণ**

**ক) সাহিত্যের রূপভেদ :**

কবিতা : মহাকাব্য, গীতিকাব্য, সনেট, এলিজি, ওড, পত্রকাব্য ।

কথাসাহিত্য : আঞ্চলিক উপন্যাস, ঐতিহাসিক উপন্যাস, চেতনাপ্রবাহমূলক উপন্যাস, ছোটগল্প ।

নাটক : ট্র্যাজেডি, কমেডি, প্রহসন ।

প্রবন্ধ : ব্যক্তিগত প্রবন্ধ , বস্তুনিষ্ঠ প্রবন্ধ

# Ability-Enhancement Course

**AECCUBL101 / AECCUBL201**

**বাংলা ব্যাকরণ ও বানানবিধি**

- **বাংলা ধ্বনিতত্ত্ব** (বাংলা ধ্বনির প্রকারভেদ, ধ্বনি পরিবর্তনের সূত্রাবলি)
- **বাংলা রূপতত্ত্ব** (বাংলা শব্দগঠন, পদবিভাগ, কারক ও বিভক্তি)
- **বাংলা বাক্যতত্ত্ব** (বাংলা বাক্যের গঠন বৈচিত্র্য)
- **বাংলা বানান সমস্যা, বানান বিধি ও বাংলা লিপি**
- **বাংলা পরিভাষা**

**AECCUBL302/ AECCUBL402**

**রচনা প্রস্তুতকরণ**

- **অনুচ্ছেদ রচনা**
- **সংলাপ রচনা**
- **অভিযোগপত্র রচনা**
- **পত্র রচনা**
- **প্রতিবেদন রচনা**

# Skill-Enhancement Course

**BNGUSEC101**

## মুদ্রণ ও প্রকাশনা

কারিগরি শিক্ষা বা দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলা মুদ্রণশিল্পের পরিচয় দেওয়া হবে সিলেবাসের এই অংশে। সেই শ্রীরামপুর মিশন থেকে বাংলায় ছাপাখানা বা মুদ্রণশিল্পের সূচনা। সেই শিল্প আজকে কীভাবে সম্প্রসারিত হয়েছে এবং একটি বই প্রকাশের জন্য কী কী কাজ করতে হয় তার স্পষ্ট পরিচয় দেওয়া হবে এই অংশে। নির্ভুলভাবে একটি গ্রন্থ কীভাবে সম্পাদনা করতে হয় সেবিষয়েও পরিচয় নেওয়া হবে এখানে।

সিলেবাসের এই অংশ শিক্ষার্থীদের মুদ্রণশিল্প সম্পর্কে যথাযথ জ্ঞান প্রদান করবে বলে আশা করা যায়। শিক্ষার্থীদের ভবিষ্যতে মুদ্রণশিল্প ভিত্তিক বৃত্তি নির্বাচনে সহায়ক হবে এই পাঠ বলে আশা করা যায়।

### ক) মুদ্রণের ইতিহাস

### খ) প্রকাশনা

- **বইয়ের বিভিন্ন অঙ্গসংস্থান** (জ্যাকেট, কভার, টাইটেল পেজ, টাইটেল রেক্‌টো, টাইটেল ভার্সো, স্পাইন)
- **গ্রন্থ সম্পাদনা** (হাউস স্টাইল, স্টাইল শিট, সম্পাদকের কাজ, লেখক - সম্পাদক চুক্তি, রয়ালিটি, কপিরাইট)

### গ) প্রিন্টিং-এ ব্যবহৃত উপাদান

**ঘ) প্রুফ সংশোধন**

**BNGUSEC202**

**বিজ্ঞাপন ও তার ব্যবহারিক দিক**

জ্ঞাপন -এর ইংরেজি হল communication। কোনো ব্যক্তি তাঁর কোনো অনুভূতি, নতুন চিন্তা বা তাঁর প্রতিক্রিয়া যখন ব্যক্ত করেন, তখন তা আর ব্যক্তিগত থাকে না, তার রূপ হয়ে যায় সামাজিক। ব্যক্তির লক্ষ্য থাকে সেই অনুভূতিকে সর্বসাধারণের কাছে গ্রহণীয় করে তোলা। জ্ঞাপনের সঙ্গে যুক্ত বিষয় পাঁচটি। সেগুলি হল-- প্রেরক, গ্রাহক, বার্তা, মাধ্যম এবং প্রতিবার্তা। চলচ্চিত্র, চিত্রকলা, সংগীত -- প্রতিটি বিষয় জ্ঞাপন নির্ভর। এর মধ্য দিয়ে সংস্কৃতির বিকাশ ও সামাজিক সংহতি গড়ে ওঠে। গণজ্ঞাপনের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হল বিনোদন। আর বৃহত্তর অর্থে লক্ষ্য হল জনগণকে শিক্ষিত করে তোলা।

কোনো উৎপাদিত পণ্যের প্রতি ক্রেতা সাধারণকে আকৃষ্ট করা, পণ্যের গুণাগুণ সম্পর্কে প্রচার করা, তার ব্যবহার বিধি নিয়ে জনগণকে অবহিত করার উদ্দেশ্যে যখন বিভিন্ন মাধ্যমে তাকে তুলে ধরা হয়, তখন তা বিজ্ঞাপন হয়ে ওঠে। মাধ্যম (medium) -এর উপর নির্ভর করে বিজ্ঞাপনকে চারটি শ্রেণিতে ভাগ করা হয় ১. মুদ্রণ বা ছাপার আকারে, ২. টিভির বিজ্ঞাপনে, ৩. রেডিও বা বেতার মাধ্যমে, ৪. ইন্টারনেটের মাধ্যমে।

**১) গণজ্ঞাপনের সংজ্ঞা ও শ্রেণিবিভাগ**

**২) বিজ্ঞাপনের শ্রেণিবিভাগ**

**৩) বিজ্ঞাপন ও সংস্কৃতি**

**৪) বিজ্ঞাপনের প্রয়োজনীয়তা**

**BNGUSEC303**

**কম্প্যুটার প্রাথমিক শিক্ষা**

**১) কম্প্যুটারের ইতিহাস**

**২) কম্প্যুটারের বিভিন্ন অংশের (ইনপুট ও আউটপুট ডিভাইস) পরিচয়**

**৩) ফাইল ও ফোল্ডার সম্পর্কে ধারণা**

**৪) অভ্র কী-বোর্ডের সাহায্যে বাংলা টাইপ**